

## শ্রীশ্রীহরি সঙ্গীত

- ৬। ডেরে বলে তারকচন্দ্র, অশ্বিনী তোর কৰ্ম মন্দ।  
কল্পতরু গুরুচন্দ্র, সে ছায়ায় তুই নিলিনা স্থান ॥

### ৯ নং তাল-একতালা

নমঃ গুরুচন্দ্র নমঃ তমঃ বিমোচন,

আমার চিত্তগুহার অঙ্ককার কর উদগীরণ ॥

- ১। নমঃশূদ্র কুলোদ্ভব, তুমি ভবাদি বান্ধব,  
তোমার সৌরবে জগত মাতিল ঘুচিল রৌরব।  
তুমি জ্ঞানদাতা, জগত পিতা পতিতে কর পাবন ॥
- ২। কোটি চন্দ্র দিবাকর, উদিত চরণে তোমার,  
দিবানিশি দিচ্ছে জলক ঘুচল অঙ্ককার।  
আমায় দিয়ে আলোক, কর পুলক, ভুলোকে গোলোকের ধন ॥
- ৩। ক্ষুদার-নমঃশূদ্রগণ তাঁদের অজ্ঞান ভঞ্জন,  
দিব্যজ্ঞান করিয়া দান করিলে ব্রাহ্মণ।  
হরি নাম ধর্ম করি বিতরম, পাষণ্ড করলে দলন ॥
- ৪। দিয়ে পিতৃধর্মে মন, করলে প্রতিজ্ঞা পূরণ  
নমঃকুল কলঙ্করাশি করিলে হরণ,  
এবার গার্হস্থ্য প্রশস্ত ধর্ম, জগতে করলে অর্পন ॥
- ৫। আমার হৃদয় আকাশে, গুরুচাঁদ উদয় হও এসে,  
তোমার রূপ মাধুরী, নয়ন ভারি, দেখব হরিষে।  
মুঢ় অশ্বিনী কয়, দীন দয়াময়, দাও আমারে শ্রীচরণ ॥

\* গদ্য জীবনী শ্রীহরি ঠাকুর পড়ুন।